ক্যান্টনমেন্ট বোর্ড অফিস
ঢাকা ক্যান্টনমেন্ট।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৫-৫-৯৩ ইং তারিখের সভার কার্য বিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল মোঃ শাহজাহান মিয়ার সভাপতিত্বে ১৫-৫-৯৩ ইং বেলা ১০-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে বোর্ডের নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সদস্যবর্গের উপস্থিতি ছিল নিম্নরূপঃ-

| | | | |
|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল মহঃ আসাদুল ইসলাম, সি এম ই এস(আর্মি), ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ২। | উইং কমান্ডার ম, মাসিদুর রহমান, অধিনায়ক, প্রশাসনিক শাখা, বি এ এফ বেস বাশার, ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৩। | মেজর মোঃ শামছুল হক, অধিনায়ক, এস এইচ ও, এস ই এম ও'র প্রতিনিধি, সি এম এইচ, ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৪। | লেঃ এম এন ইসলাম(এস ডি)(এস) বি এন, বি এন এস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৫। | জনাব মোঃ আজিজ খান, ১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৬। | ফ্লাঃলেঃ(অবঃ) এ বি এম এ রশিদ, ডি ও এইচ এস বনানী, ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৭। | জনাব মোঃ আবদুল ওয়াহাব, প্রথম শ্রেনীর ম্যাজিষ্ট্রেট জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - সদস্য | - উপস্থিত। |
| ৮। | লেঃ কর্ণেল(অবঃ) শামছুল হক, ডি ও এইচ এস বনানী এর প্রতিনিধি। | - সদস্য | - উপস্থিত। |
| ৯। | উইং কমান্ডার(অবঃ) এম, শামছুর রহমান, ডিওএইচ এস বনানী এর প্রতিনিধি। | - সদস্য | - উপস্থিত। |
| ১০। | কমান্ডার (অবঃ) টি আই এম নরুল নবী, ডি ও এইচ এস মহাখালী এর প্রতিনিধি। | - সদস্য | - উপস্থিত। |
| ১১। | লেঃ কর্ণেল(অবঃ) শামছুল আলম জোয়ারদার ডি ওএইচ এস মহাখালী এর প্রতিনিধি। | - সদস্য | - অনুপস্থিত। |
| ১২। | জনাব মোঃ আবদুল করিম, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট। | - সেক্রেটারী | - উপস্থিত। |

বোর্ডের সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। বিস্তারিত আলোচনান্তে সভার আলোচ্য সূচী মোতাবেক নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ সভায় গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ঃ গত ০৩-৪-৯৩ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ের কার্য বিবরণী অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্ত ও কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া।

গৃহীত সিদ্ধান্তঃ-গত০৩-৪-৯৩ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ের গৃহীত সিদ্ধান্ত সমূহ সম্পর্কে অবহিত হইয়া উক্ত সভার কার্য বিবরণী অনুমোদন করা গেল।

২য় পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-২ঃ** এস.ই.এম ওর মার্চ, ১৯৯৩ ইং মাসের মাসিক স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উক্ত স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল। শহীদ সরণীর পার্শ্বস্থ প্রধান পাকা ড্রেনটি সার্বক্ষনিক পরিস্কার রাখার সিদ্ধান্ত গৃহীত হইল। এতদ্ভিন্ন সেনানিবাসস্থ রাস্তার পার্শ্বে ও অন্যান্য জায়গায় অবিলম্বে ১০০ টি টিনের ও পাকা ডাষ্টবিন স্থাপনের নিমিত্ত সাভুসে অধিদপ্তরে স্বয়ং সম্পূর্ন প্রস্তাব প্রেরনের জন্য সি,ই,ও, ঢাকাকে অনুরোধ করা গেল।

**প্রস্তাব নং-৩ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের এপ্রিল, ১৯৯৩ ইং মাসের আয়-ব্যয়ের হিসাব অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের এপ্রিল, ৯৩ ইং মাসের মাসিক আয়-ব্যয়ের হিসাব অবহিত হওয়া গেল।

**প্রস্তাব নং-৪ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯২-৯৩ ইং সালের সংশোধিত বাজেট অবহিত হওয়া ও অনুমোদন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯২-৯৩ ইং সালের সংশোধিত বাজেট অবহিত হইয়া উহা অনুমোদন করা গেল। উক্ত বাজেট চূড়ান্ত অনুমোদনের জন্য পরিচালক, সাভুসে অধিদপ্তরে প্রেরনের জন্য সি,ই,ও, ঢাকাকে অনুরোধ করা গেল।

**প্রস্তাব নং-৫ঃ** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ডিসপেন্সারী ও ক্লিনিক বিভাগ আলাদা করণ প্রসংগে।

বর্তমানে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ক্লিনিক এবং ডিসপেন্সারী বিভাগ একই সাথে থাকার কারনে চিকিৎসা ব্যবস্থাপনায় নানাহ প্রকার বিঘ্ন সৃষ্টি হওয়ায় বোর্ড রেজুলেশন নং-১৭(ক) তারিখঃ ২৮-১-৯৩ ইং এর মাধ্যমে বিভাগ দুইটি আলাদা করনের জন্য একটি কমিটি গঠন করা হয়। বিভাগ দুইটি আলাদা করনের নিমিত্ত উক্ত কমিটি কর্তৃক পেশকৃত প্রতিবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ডিসপেন্সারী ও ক্লিনিক বিভাগ আলাদা করনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক উপস্থাপিত প্রতিবেদন অবহিত হইয়া উহা অনুমোদন করা গেল। উক্ত প্রতিবেদনের এক কপি পরবর্তী কার্যক্রম গ্রহনার্থে সাভুসে অধিদপ্তরে প্রেরন করা হউক। কমিটি কর্তৃক প্রস্তাবিত "ক্যান্টনমেন্ট দাতব্য স্বাস্থ্য কেন্দ্র" এর প্রস্তাবিত স্থানের দোতলায় একটি আইসোলেশন ওয়ার্ড নির্মানের সিদ্ধান্ত গৃহীত হইল। এতদ্বিষয়ে প্রয়োজনীয় মূল্যানুমান ও নক্সা প্রস্তুত করতঃ সাভুসে অধিদপ্তরে প্রস্তাব প্রেরনের জন্য সি,ই,ও, ঢাকাকে অনুরোধ করা গেল।

**প্রস্তাব নং-৬ঃ** আবাসিক এলাকায় প্লট ইজারা দেওয়ার আবেদন।

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার সড়ক নং-৫ এর ৩৯/এ, প্লটটি নিলামে ইজারা দেওয়ার ব্যাপারে বিবেচনা করা। এই ব্যাপারে মেজর তাহের উদ্দিন আখঞ্জি(অবঃ) পরিচালক(প্রশাসন ও অপারেশন) বি আর টি সি, ঢাকা এর গত ৩০-৩-৯৩ ইং তারিখের আবেদন পত্র উপস্থাপন করা গেল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বোর্ডের বিশেষ উদ্দেশ্যে উক্ত খালী জায়গা ব্যবহৃত হইবে বিধায় আবেদনটি বিবেচনা করা গেল না। ইহা ছাড়া ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন অনুরূপ কোন খালী জায়গা থাকিলে উহার একটি তালিকা প্রস্তুতের নিমিত্ত ঢাকা ক্যান্ট বোর্ডের প্রকৌশল শাখাকে নির্দেশ দেওয়া হউক।

**প্রস্তাব নং-৭ঃ** কচুক্ষেত এলাকার বিভিন্ন কল্যান/উন্নয়ন মূলক কর্মকান্ডে অংশ গ্রহন এবং ক্যান্টনমেন্ট বোর্ডকে সহযোগীতা করার জন্য একটি উন্নয়ন কমিটি গঠনের ব্যাপারে বিবেচনা করা। এই ব্যাপারে অত্র বোর্ডের সম্মানিত সদস্য কর্নেল(অবঃ) এ বি এম এ রশিদ এর ১৯-৪-৯৩ ইং তারিখের এক খানা আবেদন পত্র উপস্থাপন করা গেল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উপরোক্ত আবেদনের প্রেক্ষিতে কচুক্ষেত এলাকার বিভিন্ন কল্যান মূলক কর্মকান্ডে অংশ গ্রহন এবং ক্যান্টনমেন্ট বোর্ডকে সহযোগীতা করার জন্য ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি "কল্যান সমিতি" গঠনের একটি প্রস্তাব ক্যান্টনমেন্ট বোর্ডের বরাবরে পেশ করার জন্য অনুরোধ করা গেল।

পৃঃ দ্রঃ

(স্বাক্ষর)

প্রস্তাব নং-৮ঃ কচুক্ষেত বাজারের সম্মুখে আবাসিক এলাকায় বসবাসের পরিবেশ সংরক্ষন এবং অবসর প্রাপ্ত অফিসারের বাড়ীর প্রবেশ পথের অধিকার প্রসংগে।

বিষয়োক্ত ব্যাপারে ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের পত্র নং-৬০৪/১/এ, তা ১৮-৪-৯৩ ইং তারিখের মাধ্যমে প্রাপ্ত পর্ষদের কার্য বিবরণীর উপর পরবর্তী কার্যক্রমের ব্যা সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্তঃ- উপরোক্ত বিষয়ে পর্ষদের কার্য বিবরণীর সহিত বোর্ড একমত পোষন করেন। এই ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী সি,ই,ও, এর পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্র করিবেন।

প্রস্তাব নং-৯ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় ৭৪ নং প্লট সংলগ্ন দক্ষিন পার্শ্বের অতিরিক্ত জায়গা বরাদ্দ প্রসংগে।

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় ৭৪ নং প্লটের দক্ষিন পার্শ্বের প্লট সংলগ্ন খালি জায়গা প্লটের মালিক শামীমা এ খানকে বরাদ্দ দেওয়ার ব্যাপারে বিবেচনা করা। এই ব্যাপারে তাঁহা ২৬-৪-৯৩ ইং তারিখের আবেদন পত্র উপস্থাপন করা গেল।

গৃহীত সিদ্ধান্তঃ- উক্ত আবেদন বিবেচনা করা গেল না। তবে সংশ্লিষ্ট প্লটের মালিককে অবৈধ ভাবে দখলকৃত হইতে দেওয়াল সরাইয়া তাঁহার জমিতে নেওয়ার ব্যাপারে নোটিশ প্রদান করা হউক। উক্ত অতিরিক্ত জায়গা খালি করার পর পরবর্তীতে তিনি আবেদন করিতে পারেন। এ ধরনের অন্য কেইসেও অবিলম্বে নোটিশ দেওয়া হউক।

প্রস্তাব নং-১০ঃ বাস ষ্ট্যান্ড স্থানান্তর করণ প্রসংগে।

ঢাকা সেনানিবাসস্থ এ এফ এন এস অফিসার মেস ও নার্সিং ক্যাডেট মেসের সন্নিকটে বাস ষ্ট্যান্ডটি স্থানান্তরের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা। এই ব্যাপারে আর্মড ফোর্সেস মেডিক ইন্সটিটিউট, ঢাকা সেনানিবাস এর গত ১৯-৪-৯৩ ইং তারিখের ৩৩০৩/কিউ নং পত্র উপস্থ করা গেল।

গৃহীত সিদ্ধান্তঃ- উক্ত বাস ষ্ট্যান্ড টি স্থানান্তরের বিষয় বিবেচনা করা গেল না। তবে উল্লেখিত সংস্থার চাহি সি এম এইচ, ঢাকা এর প্রবেশ গেইটের ১০০ গজ উত্তরে "বাস থামিবে" একটি সাইন বোর্ড সিদ্ধান্ত গৃহীত হইল। এই ব্যাপারে সি,ই,ও, ঢাকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবেন।

প্রস্তাবনং-১১ঃ মাংসের মূল্য নির্ধারণ প্রসংগে।

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের মাংসের মূল্য পুনঃ নির্ধারনের ব্যাপারে বিবেচনা করা ব্যাপারে মাংস ব্যবসায়ীদের গত ১০-৫-৯৩ ইং তারিখের আবেদন পত্র উপস্থাপন করা গে

গৃহীত সিদ্ধান্তঃ- ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের মাংস ব্যবসায়ীদের মাংসের মূল্য বৃদ্ধির আবেদন বিবেচনা ক গেল না। ইহা ছাড়া মাছ/মাংসের দোকানে ঝুলন্ত দাড়ি পাল্লা রাখার জন্য সংশ্লিষ্ট দোকান গনকে নির্দেশ দানের নিমিত্ত সি,ই,ও, ঢাকাকে অনুরোধ করা গেল।

প্রস্তাব নং-১২ঃ শহীদ সরণীর রাস্তা কার্পেটিং এর জামানতের টাকা ফেরৎ প্রদান প্রসংগে।

মেসার্স এম জি মোস্তফা এন্ড কোং কর্তৃক শহীদ সরণী কার্পেটিং করণ কাজের বিলে কর্তন জামানতের টাকা ফেরৎ দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্বিষয়ে গত ০৫-১২-৯২ তারিখের রেজুলেশন নং-৬ এর মাধ্যমে গঠিত কমিটি কর্তৃক জামানতের টাকা ফেরৎ দেওয়া প্রসংগে প্রদত্ত প্রতিবেদন উপস্থাপন করা গেল।

গৃহীত সিদ্ধান্তঃ- শহীদ সরণী রাস্তা কার্পেটিং করণ কাজের বিলে কর্তনকৃত জামানতের টাকা ফেরৎ দেওয়ার জ সিদ্ধান্ত গৃহীত হইল।

৪র্থ পৃঃদ্রঃ

[illegible] নং-১১: [illegible] এলাকার বিভিন্ন স্থানে এম ই এস সিডিউল অব রেইটস্‌১৯৯০ ইং অনুযায়ী বিভিন্ন [illegible] প্রদত্ত সর্বনিম্ন দর অনুমোদন করা।

গৃহীত সিদ্ধান্তঃ- [illegible] এলাকার বিভিন্ন স্থানে এম ই এস সিডিউল অব রেইটস্‌১৯৯০ ইং অনুযায়ী নিম্নে [illegible] জন্য ঠিকাদার কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর বোর্ডের সভায় সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত ভাবে [illegible] করা গেল :-

| [illegible] | ঠিকাদার/ফার্মের নাম | মূল্যানুমান | ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর | বোর্ড কর্তৃক অনুমোদিত দর |
|---|---|---|---|---|
| ১। [illegible] কেন্দ্রীয় মসজিদের [illegible] করণ ও মসজিদের [illegible] এবং বাহিরে রং করণ। | মেসার্স খাজা এনড কোং | =১,২৮,৯৬৮/- | ১৭% উর্ধে | ৭% উর্ধে |
| ২। [illegible] এলাকার সড়ক [illegible], শহীদ জাহাংগীর রোডের [illegible] এবং ধামালকোটগামী [illegible] মেরামত ও কার্পেটিং করণ। | মেসার্স সেভেন সীরিজ এন্টারপ্রাইজ। | = ৭৪,৬৭৯/- | ১৯% উর্ধে | ৭% উর্ধে |
| ৩। [illegible] ডিওএইচ এস এলাকার [illegible] নং-৯২/এ, ভিটি মাটি দ্বারা [illegible] করণ। | মেসার্স রহমান কর্পোরেশন | = ৪২,০০০/- | ১৫% উর্ধে | ৭% উর্ধে |
| ৪। [illegible] ডিওএইচ এস এলাকার [illegible] স্থানে ডাষ্টবিন নির্মান [illegible]। | মেসার্স কলী ট্রেডার্স | = ৯২,৭৫৩/- | ২৫% উর্ধে | ৭% উর্ধে |
| ৫। [illegible] ডিওএইচএস এলাকার [illegible] নং-৩২ এর কার্পেটিং করণ। | মেসার্স মণি ট্রেডিং কর্পোরেশন। | =১,৭৭,৪৩৬/- | ১২% উর্ধে | ৭% উর্ধে |
| ৬। [illegible] বাজার এলাকার [illegible] মসজিদের উত্তর পার্শ্বে [illegible] নং-[illegible] ও ১৩২ এর উপর [illegible], সি, সি, [illegible] স্থাপন করা। | মেসার্স লাকী ট্রেডার্স | = ৭৯,২০০/- | ১৪% উর্ধে | ৭% উর্ধে |
| ৭। [illegible] | মেসার্স এম এইচ ট্রেডার্স | = ৫৭,৯৭৮/- | ২২% উর্ধে | ৭% উর্ধে |
| ৮। [illegible] | মেসার্স জেমিনি ইন্টারন্যাশনাল। | = ১,০৩,৪৫০/- | ২১.৭৫% উর্ধে | ৭% উর্ধে |
| ৯। [illegible] নির্মান করণ গ্রুপ-"[illegible]"। | মেসার্স মেট্রোপলিটন বিল্ডার্স। | =৭,৬২,৭৮২/৭২ | ১৮% উর্ধে | ১০% উর্ধে |
| ১০। [illegible] সাহারা ডিওএইচএস এলাকার ইস্টার্ন রোডের সলিং [illegible] নির্মান করণ গ্রুপ-"[illegible]"। | মেসার্স বাহার এন্টারপ্রাইজ | =৫,৩৮,৬৬৯/২২ | ১৬% উর্ধে | ১০% উর্ধে |
| ১১। [illegible] সাহারা ডিওএইচএস এলাকার লেইন নং-২ প্লট নং-[illegible] হইতে ২২২ পর্যন্ত সলিং [illegible] নির্মান করণ গ্রুপ-"ঙ"। | মেসার্স লাকী ট্রেডার্স | =৩,৫৯,৯৮৫/৫১ | ২৩% উর্ধে | ১০% উর্ধে |
| ১২। [illegible] সাহারা ডিওএইচএস এলাকার লেইন নং-৩ প্লট নং-[illegible]২ হইতে ২৭০ পর্যন্ত সলিং রাস্তা নির্মান করণ গ্রুপ-"চ" | মেসার্স মৌ কনষ্ট্রাকশন ট্রেডার্স। | =৪,৪৯,৫৭৫/৩৭ | ১৯% উর্ধে | ১০% উর্ধে |
| ১৩। [illegible] সাহারা ডিওএইচএস এলাকার লেইন নং-৪, প্লট নং-[illegible]১৬ হইতে ২২৭/এ পর্যন্ত সলিং রাস্তা নির্মান করণ গ্রুপ-"ছ"। | মেসার্স এম আর আমিন ট্রেডার্স। | =৫,৭৫,৯৮২/৩৬ | ১৭% উর্ধে | ১০% উর্ধে |

৫ম পৃঃদ্রঃ

| এস্মিক নং কাজের বিবরণ | ঠিকাদার/ফার্মের নাম | মূল্যানুমান | ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর। | বোর্ড কর্তৃক অনুমোদিত দর |
|---|---|---|---|---|
| ১৪। জোয়ার সাহারা ডিওএইচএস এলাকার লেইন নং-৫ প্লট নং-৩৩২ হইতে ৩২০ পর্যন্ত সলিং রাস্তা নির্মান করণ গ্রুপ-"জ"। | মেসার্স এস কে খান এন্ডকোং | =৫,০৪,৯৬৩/৯৫ | ১৯.৭৪% উর্ধে | ১০% উর্ধে |
| ১৫। জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার লেইন নং-৬ প্লট নং-৩৬৬ হইতে ৪০৬ পর্যন্ত সলিং রাস্তা নির্মান করণ গ্রুপ-"ঝ"। | মেসার্স গাজী এনড কোং | =৫,৬৬,০৫৯/৯৫ | ১৬% উর্ধে | ১০% উর্ধে |
| ১৬। জোয়ার সাহারা ডিওএইচএস এলাকার লেইন নং-৭ প্লট নং-৪০৭ হইতে ৪৪৭/এ পর্যন্ত সলিং রাস্তা নির্মান করণগ্রুপ-"ঞ"। | মেসার্স মান্নান ব্রাদার্স | =৫,২০,৯০০/৪৭ | ২২% উর্ধে | ১০% উর্ধে। |
| ১৭। জোয়ার সাহারা ডিওএইচ এস এলাকার লেইন নং-৮ প্লট নং-৪৪৯ হইতে ৪৯১ পর্যন্ত সলিং রাস্তা নির্মান করণ গ্রুপ-"ট" | মেসার্স সেলিম ট্রেডার্স | =৫,৪৮,৯৯৯/২০ | ১৭.৫০% উর্ধে | ১০% উর্ধে |
| ১৮। জোয়ার সাহারা ডিওএইচএস এলাকার লেইন নং-৯ প্লট নং-৪৯২ হইতে ৫১৪ পর্যন্ত এবং লেইন নং-১০ প্লট নং-৫১৬ হইতে ৫৫০ পর্যন্ত সলিং রাস্তা নির্মান করণ গ্রুপ-"ঠ" | মেসার্স কামাল ট্রেডার্স | =৪,৮৯,৯৯৪/৯২ | ২০% উর্ধে | ১০% উর্ধে |
| ১৯। জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার লেইন নং-১১, ১২, ১৩ এবং প্লট নং-৩৯৩ হইতে ৫১৪, প্লট নং-৪৮৫ হইতে ৪৮৫/এ, প্লট নং-৪৮৯ হইতে ৪৮৯/বি, প্লট নং-৪৯১ হইতে ৪৮৯/বি পর্যন্ত সলিং রাস্তা নির্মান করণ গ্রুপ-"ড"। | মেসার্স দি গণ মরমী প্রকৌশলী | =৬,৯৫,৭০০/৬৬ | ১৯% উর্ধে | ১০% উর্ধে |
| ২০। জোয়ার সাহারা ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ন রোড(উত্তরাংশ) প্লট নং-১০৭ হইতে ৪৮৫ পর্যন্ত সলিং রাস্তা নির্মান করণ গ্রুপ-"ঢ" | মেসার্স শহীদ ট্রেডার্স | =৮,৮৯,২৬৬/৫১ | ১৯% উর্ধে | ১০% উর্ধে |
| ২১। জোয়ার সাহারা ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ন রোড(দক্ষিনাংশ) লেইন নং-৮ হইতে ১৩ পর্যন্ত সলিং রাস্তা নির্মান করণ গ্রুপ-"ণ"। | মেসার্স ক্রিসেন্ট এন্টারপ্রাইজ | =৮,০১,৮২৮/১১ | ২১% উর্ধে | ১০% উর্ধে |

উল্লেখিত অনুমোদিত হারে কাজ করিতে রাজী থাকিলে সংশ্লিষ্ট ঠিকাদারগনকে কার্যাদেশ দেওয়া হউক। যাহারা বোর্ড কর্তৃক অনুমোদিত হারে কাজ করিতে ইচ্ছুক হইবেন না ঐ সমস্ত প্রকল্পের জন্য পুনরায় পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-১৪:** সেনানিবাস এলাকাস্থ বিভিন্ন স্থানে এম ই এস সিডিউল অব রেইটস্‌১৯৯০ ইং অনুযায়ী নিম্ন বর্ণিত কাজের মূল্যানুমান অনুমোদন করা :-

| এস্মিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান |
|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ রোড নং-৪ ও ৫ এর সংযোগ সড়কে অবস্থিত বাড়ী নং-২৫, ২৬, ২৭, ২৭-এ, ২৭-এ/১, ২৭-বি, ২৭-সি, ২৮, ২৯, ৩০-ই এবং ৩৭-এ এর সম্মুখে রাস্তা কার্পেটিং সহ উহার পার্শ্বস্থ ড্রেন নির্মান করা। | = ২,৩৬,৭৫০/- টাকা |
| ২। | মহাখালী ডিওএইচ এস এলাকার তৃতীয় ধাপের রোড নং-৩১ এর পূর্বাংশে প্লট নং-৪৪৩ হইতে ৪৪৯ পর্যন্ত রাস্তা পুনঃ সলিং করা। | = ৮৬,০৫২/৩২ টাকা |

৬ষ্ঠ পৃঃদ্রঃ

| ক্রমিক নং কাজের বিবরণ | মূল্যানুমান |
|---|---|
| ৩। মহাখালী ডিওএইচ এস এলাকার পলিশ ব্যারাক সহ অফিসের জন্য সেমি পাকা (গ্রন্থ এক্সিয়া অনুযায়ী) বিল্ডিং নির্মান করা। | = ৬,৯৬,৫০০/- টাকা |
| ৪। সেনানিবাসস্থ কচক্ষেত অফিসার্স কোয়ার্টার এর দালান নং-৫৫৪, ৫৪৯ এর সম্মুখে শহীদ মঈনল রোডস্থ অফিসার্স কোয়ার্টারের সম্মুখে এবং শহীদ বাশার রোডস্থ অফিসার্স কোয়ার্টারের সম্মুখে শিশু পার্ক নির্মানের মূল্যানুমান অনুমোদন করা (নন-সিডিউলের)। | = ৩,৯৩,০০০/- টাকা |
| ৫। ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের জনতা ব্যাংকের দক্ষিন পার্শ্বের রাস্তা মিরপুর লিংক রোড হইতে পূর্বদিকে কাঁচা বাজারগামী রাস্তা পর্যন্ত পি সি সি রাস্তা নির্মান করা এবং কাঁচা বাজারের দক্ষিন পার্শ্বের গাড়ী পার্কিংয়ের জায়গা পি সি সি করা। | = ৪,৬১,০০০/- টাকা |
| ৬। সেনাপল্লী হাই স্কুলের দক্ষিন পার্শ্বের দেওয়াল সংলগ্ন রাস্তাটি বর্ধিত করণ সহ মিরপুর ভি,আই,পি, রাস্তার সহিত কাঁচা সংযোগ রাস্তা নির্মান করা। | = ৪,৬২,৫০০/- টাকা |
| ৭। সেনাপল্লী হাই স্কুলের পূর্ব ও দক্ষিন পার্শ্বের বাউন্ডারী ওয়াল পুনঃ নির্মান করণ। | = ৩,৯২,০০০/- টাকা |

**গৃহীত সিদ্ধান্তঃ-** উপরোক্ত মূল্যানুমান সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা গেল। উক্ত মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত এবং এতদ্বিষয়ে অর্থ বরাদ্দের অনুরোধ করিয়া সাভূসে অধিদপ্তরে প্রস্তাব প্রেরনের জন্য সি, ই, ও, ঢাকাকে অনুরোধ করা গেল।

**প্রস্তাব নং-১৫ঃ** ক্যান্ট বাজার আবাসিক এলাকাস্থ পানির পাম্প মেশিন মেরামত প্রসংগে।

ক্যান্ট বাজার আবাসিক এলাকার পানির পাম্পের জন্য ৭০ অশ্ব শক্তি বিশিষ্ট একটি অটো স্টপ স্টাটার ক্রয়ের নিমিত্ত মেসার্স গাজী এন্ড কোং কর্তৃক সর্বনিম্ন দর মোট ১৮,৮৫০/-(আঠার হাজার আটশত) টাকা অনুমোদন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উপরোক্ত কাজের জন্য মেসার্স গাজী এন্ড কোং কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর অনুমোদন করা গেল।

**প্রস্তাব নং-১৬ঃ** ক্যান্ট সুপার মার্কেটের কমিটি গঠন ও কমিটির গঠনতন্ত্র অনুমোদন প্রসংগে।

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের কমিটি গঠন ও কমিটির গঠনতন্ত্র অনুমোদনের নিমিত্ত সাভূসে অধিদপ্তরের ২১-৪-৯৩ ইং তারিখের ৭/এমএলক্স সি/ঢাকা/৩১৮/শা-৩/৪ নং পত্রটি পরবর্তী সিদ্ধান্ত গ্রহনের জন্য সভায় উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-১৭ঃ** ক্যান্ট সুপার মার্কেটের দোকানের জন্য বরাদ্দকৃত স্থানের অতিরিক্ত স্থান দখলের জন্য দোকানদারদের নিকট হইতে জরিমানা আদায় প্রসংগে।

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের দোকানের জন্য বরাদ্দকৃত স্থানের অতিরিক্ত স্থান দখলের নিমিত্ত দোকানদারদের নিকট হইতে প্রতিদিন ১০/- টাকা জরিমানা আদায়ের জন্য গত ০৩-৪-৯৩ইং তারিখে বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহন করা হইয়াছে। সে মোতাবেক গত ১৫-৪-৯৩ ইং অত্র দপ্তর কর্তৃক সকল দোকানদারগনকে নোটিশ প্রদান করার পর গত ২২-৪-৯৩ ইং তারিখে দোকানদারদের যৌথ আবেদনে উক্ত জরিমানা আদায় না করার জন্য দোকানদারগন আবেদন করিয়াছেন। তাঁহাদের আবেদন পত্র সভায় উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যান্ট সুপার মার্কেটে অতিরিক্ত স্থান দখলের জন্য জরিমানা আদায় সংক্রান্ত আবেদন বিবেচনা করা গেল না। তবে ইতিপূর্বে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রতিদিন ১০/- টাকা হারে জরিমানা আদায় অব্যাহত থাকিবে।

৭ম পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-১৮ঃ** ডি ও এইচ এস মহাখালী, বনানী, ক্যান্ট বাজার ও কচুক্ষেত এলাকার বকেয়া গৃহকর আদায় প্রসংগে।

অত্র দপ্তরের আওতাধীন ডি ও এইচ এস মহাখালী, বনানী আবাসিক প্লট বরাদ্দলাভকারীদের ক্যান্ট বাজার ও কচুক্ষেত এলাকার অনেক টাকা গৃহকর বকেয়া রহিয়াছে। বকেয়া গৃহকর আদায়ের নিমিত্ত উর্ধতন কর্তৃপক্ষের এবং নিরীক্ষা দপ্তর হইতে আপত্তি উথ্যাপিত হইয়াছে। কাজেই এ ব্যাপারে পরবর্তী কি ব্যবস্থা গ্রহন করা যায় সিদ্ধান্ত গ্রহনের জন্য তালিকা উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উপরোক্ত এলাকা সমূহে যাহাদের নিকট দুই বৎসরের অধিক গৃহকর বকেয়া রহিয়াছে তাহাদিগকে এক মাসের নোটিশ প্রদান করিয়া বকেয়া আদায়ের ব্যবস্থা গ্রহন করা হউক। অনাদায়ে সংশ্লিষ্ট বাড়ীর মালিকদের বিরুদ্ধে সার্টিফিকেট কেস দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-১৯ঃ** বিবিধঃ

(ক) ডি ও এইচ এস বনানী এবং মহাখালীতে রাত্র এবং দিনের কোন নির্দিষ্ট সময়ে যে কেহ উচ্চস্বরে ঢোল অথবা মিউজিক না বাজানোর ব্যাপারে আলোচনা করা।

(খ) বর্তমান পুরাতন ফটোস্ট্যাট মেশিনটি কাজ চালানোর উপযোগী নহে বিধায় এতদ্বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহন করা।

(গ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সকল ঠিকাদারের ভ্যাট রেজিস্ট্রেশন সহ তাঁহাদের ফার্মের নিরাপত্তা ছাড়পত্র গ্রহনের বিষয়ে আলোচনা করা।

(ঘ) বোর্ডের সম্মানিত সদস্যগন কর্তৃক ঢাকা ক্যান্ট বোর্ড পরিচালনাধীন বিভিন্ন স্কুল তদারকীর বিষয় বিবেচনা করা।

(ঙ) এম ই এস ঠিকাদারগনের নিকট ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পের টেন্ডার ফরম বিক্রির বিষয়ে বিবেচনা করা।

(চ) বিভিন্ন ডি ও এইচ এস এলাকার জন্য প্রাপ্য উন্নয়ন মূলক চার্জ পৃথক পৃথক রেজিস্টারে আয়-ব্যয়ের হিসাব সংরক্ষন সহ পৃথক ব্যাংক হিসাব খোলার বিষয় বিবেচনা করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** (ক) উক্ত বিষয়ে ১৯২৪ সনের ক্যান্টনমেন্ট এ্যাক্টের সংশ্লিষ্ট ধারা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সি, ই, ও, ঢাকাকে অনুরোধ করা গেল।

(খ) বর্তমান ফটোস্ট্যাট মেশিনটি কাজ চালানোর জন্য উপযোগী নহে বিধায় উহা নিলামে বিক্রি করিয়া এক খানা নূতন ফটোস্ট্যাট মেশিন ক্রয়ের সিদ্ধান্ত গ্রহন করা গেল। এই ব্যাপারে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য সাভূসে অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য সি, ই, ও'কে অনুরোধ করা গেল।

(গ) ক্যান্টনমেন্ট বোর্ডের সকল তালিকাভুক্ত ঠিকাদারদের ভ্যাট রেজিষ্ট্রেশন সহ সংশ্লিষ্ট সকল ফার্মের ডিজি এফআই এর নিরাপত্তা ছাড়পত্র গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হইল। নূতন তালিকাভুক্তির পূর্বে অবশ্যই নিরাপত্তা ছাড়পত্র গ্রহন করিতে হইবে। যে সমস্ত ফার্মের নিরাপত্তা ছাড়পত্র পাওয়া যাইবে না তাহাদিগকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কোন কাজ না দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হইল।

(ঘ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্ন বর্ণিত সম্মানিত সদস্যগন কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত নিম্ন বর্ণিত স্কুল সমূহ তদারকী করার সিদ্ধান্ত গৃহীত হইলঃ-

| | সদস্যগনের নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|
| ১। | ফ্লাঃলেঃ(অবঃ) এ বি এম এ রশিদ | মুসলিম মডার্ণ একাডেমী, ঢাকা ক্যান্ট। |
| ২। | মেজর মোঃ শামছুল হক | শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়। |
| ৩। | জনাব মোঃ আজিজ খান | আদর্শ বিদ্যা নিকেতন, মানিকদী। |
| ৪। | উইং কমান্ডার(অবঃ) এম, শামছুর রহমান | সেনাপল্লী হাই স্কুল, ঢাকা ক্যান্ট। |

(ছ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পের অনুমোদিত মূল্যানুমান ছয় লক্ষ টাকার উর্ধে হইলে এম ই এস এর তালিকাভুক্ত ঠিকাদারের নিকট টেন্ডার ফরম বিক্রির বিষয় সিদ্ধান্ত গৃহীত হইল। এতদ্বিষয়ে সাভূসে অধিদপ্তরের অনুমোদন চাওয়া হউক।

(চ) ডি ওএইচ এস বনানী, মহাখালী এবং জোয়ার সাহারার প্রাপ্য উন্নয়ন চার্জ এর অর্থ পৃথক ব্যাংক হিসাব খুলিয়া উহার যথাযথ আয়/ব্যয়ের হিসাব পৃথক পৃথক রেজিষ্টারে সংরক্ষন করার জন্য সি, ই, ওকে অনুরোধ করা গেল। ডি ও এইচ এস এর টাকা সংশ্লিষ্ট ডি ও এইচ এস এ খরচ করা যাবে।

উপস্থিত সদস্যদিগকে ধন্যবাদ জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন।

( মোঃ আবদুল করিম )
সেক্রেটারী,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল মোঃ শাহজাহান মিয়া )
প্রেসিডেন্ট
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।